# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

## অধ্যায়-৫ : হস্তান্তরযোগ্য ঋণের দলিল

৯৩. বাংলাদেশে হস্তান্তরযোগ্য দলিলগুলো কত সালের হস্তান্তরযোগ্য দলিল আইন দ্বারা নিয়ন্ত্রিত হয়? (জ্ঞান)
ক) ১৭৮১ সালের খ) ১৮৮১ সালের
গ) ১৮৯১ সালের ঘ) ১৯৮১ সালের **খ**

৯৪. ব্যাংকের আজ্ঞাপত্র প্রস্তুত করে কে? (জ্ঞান)
ক) পাওনাদার খ) দেনাদার
গ) ব্যাংক ঘ) কেন্দ্রীয় ব্যাংক **গ**

৯৫. I.O.U-এর পূর্ণরূপ কী? (জ্ঞান)
ক) I offer you খ) I am over you
গ) I am for you ঘ) I owe you **ঘ**

৯৬. কোন ধরনের চেকে 'অথবা বাহককে' শব্দদ্বয় লেখা থাকে? (জ্ঞান)
ক) বাহক চেক খ) প্রাপক চেক
গ) হুকুম চেক ঘ) দাগকাটা চেক **ক**

৯৭. কোনটি হস্তান্তরযোগ্য ঋণের দলিল নয়? (অনুধাবন)
ক) চেক খ) পে-অর্ডার
গ) বিনিময় বিল ঘ) প্রমিসরি নোট **খ**

৯৮. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশকে কী বলে? (জ্ঞান)
ক) চেক খ) ড্রাফট
গ) পে-অর্ডার ঘ) ব্যাংক গ্যারান্টি **ক**

৯৯. নোটারি পাবলিক মনোনীত করে কে? (জ্ঞান)
ক) রাষ্ট্র খ) সরকার
গ) রাষ্ট্রপতি ঘ) স্পিকার **খ**

১০০. একটি চেক আইনগত দলিলে পরিণত হয় কখন? (অনুধাবন)
ক) তারিখ উল্লেখের পর
খ) অর্থ প্রদানের পর
গ) গ্রাহক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর
ঘ) চেকটি উপস্থাপনের পর **গ**

১০১. লেনদেনের ক্ষেত্রে বিনিময়ের সহজ মাধ্যম কোনটি? (জ্ঞান)
ক) অঙ্গীকারপত্র খ) চেক
গ) বিনিময় বিল ঘ) ব্যাংকের আজ্ঞাপত্র **খ**

১০২. সরকারি নোটের প্রধান বৈশিষ্ট্য কোনটি? (জ্ঞান)
ক) এটি কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ইস্যু করা হয়
খ) এতে অর্থ সচিবের স্বাক্ষর থাকে
গ) এর ব্যবহারিক গুরুত্ব কম
ঘ) এটি প্রতিশ্রুত নোট **খ**

১০৩. ব্যাংক নোট ইস্যুকারী প্রতিষ্ঠান কোনটি? (জ্ঞান)
ক) বাংলাদেশ ব্যাংক খ) সোনালী ব্যাংক
গ) বিশ্ব ব্যাংক ঘ) বাংলাদেশ সরকার **ক**

১০৪. কোনটি ব্যাংক নোট বহির্ভূত? (অনুধাবন)
ক) ৫০ টাকার নোট খ) ১০০ টাকার নোট
গ) ৫০০ টাকার নোট ঘ) ১ টাকার নোট **ঘ**

১০৫. বাংলাদেশ ব্যাংক কত ধরনের ব্যাংক নোট ইস্যু করে? (জ্ঞান)
ক) ৭ খ) ৮
গ) ৯ ঘ) ১০ **ক**

১০৬. ব্যাংক নোট ইস্যুর ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক কত % রিজার্ভ সংরক্ষণ করে? (জ্ঞান)
ক) ২০% খ) ২৫%
গ) ৩০% ঘ) ৩৫% **গ**

১০৭. সরকারি নোটে কার স্বাক্ষর থাকে? (জ্ঞান)
ক) গভর্নরের খ) প্রধানমন্ত্রীর
গ) অর্থমন্ত্রীর ঘ) অর্থ সচিবের **ঘ**

১০৮. এক স্থান হতে অন্য স্থানে নিরাপদে অর্থ স্থানান্তরের আজ্ঞাপত্রকে কী বলে? (জ্ঞান)
ক) ব্যাংক অগ্রিম খ) ব্যাংক ড্রাফট
গ) ভ্রাম্যমাণ নোট ঘ) ভ্রমণকারীর চেক **খ**

১০৯. আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিহিত মুদ্রায় অর্থ পরিশোধ যোগ্য হয় — (অনুধাবন)
i. অঙ্গীকারপত্রের ক্ষেত্রে
ii. বৈদেশিক বিনিময় বিলের ক্ষেত্রে
iii. ট্রাভেলার্স চেকের ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **গ**

১১০. হস্তান্তরযোগ্য দলিলের অবশ্যকীয় শর্ত হলো — (অনুধাবন)
i. তারিখের উল্লেখ ii. প্রস্তুতকারীর স্বাক্ষর
iii. অর্থের পরিমাণ সুনির্দিষ্ট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১১১. প্রত্যয়পত্রের দ্বারা ব্যাংক সেতুবন্ধক হিসেবে কাজ করে — (অনুধাবন)
i. আমদানিকারকের সাথে
ii. উৎপাদকের সাথে
iii. রপ্তানিকারকের সাথে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

Teachingbd.com

১১২. শেয়ার ওয়ারেন্টে উল্লেখ থাকে — (অনুধাবন)

i. মালিকের নাম   ii. শেয়ারের নামিক মূল্য

iii. শেয়ারের ক্রমিক নম্বর

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii   গ

১১৩. শেয়ার সার্টিফিকেট হলো — (অনুধাবন)

i. অ-হস্তান্তরযোগ্য ঋণের দলিল

ii. মূলধন সংগ্রহের জন্য ইস্যু করা হয়

iii. হস্তান্তরযোগ্য ঋণের দলিল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii   ক

১১৪. ব্যাংক ড্রাফটের বৈশিষ্ট্য হলো — (অনুধাবন)

i. দেশে-বিদেশে সর্বত্র ব্যবহৃত হয়

ii. কমিশনের হার তুলনামূলকভাবে বেশি

iii. গ্রহণযোগ্যতা সর্বজনীন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii   ঘ

১১৫. পে-অর্ডারের পক্ষসমূহ হলো — (অনুধাবন)

i. প্রস্তুতকারক   ii. প্রাপক

iii. প্রদানকারী

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii   ক

**উদ্দীপকটি পড়ো এবং ১১৬ ও ১১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. মাহবুব হাসান তার আর্থিক লেনদেনের ক্ষেত্রে পারস্পরিক দেনা-পাওনা নিষ্পত্তির জন্য হস্তান্তরযোগ্য এক ধরনের কাগজি দলিল ব্যবহার করেন। হস্তান্তরযোগ্য আইনের বিভিন্ন ধারার মাধ্যমে এ দলিল তৈরি হয় বলে তাকে হস্তান্তরের বিভিন্ন শর্ত পালন করতে হয়।

১১৬. মি. মাহবুব হাসান হস্তান্তরযোগ্য কোন দলিল ব্যবহার করেন? (প্রয়োগ)

ক মুনাফার দলিল   খ ঋণের দলিল

গ সুদের দলিল   ঘ ক্ষতির দলিল   খ

১১৭. মি. মাহবুব হাসানকে হস্তান্তরের সময় যেসব শর্ত পালন করতে হয় — (উচ্চতর দক্ষতা)

i. প্রস্তুতের তারিখ উল্লেখ করতে হয়

ii. অর্থ গ্রহণকারীর স্বাক্ষর থাকতে হয়

iii. অর্থের পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii   খ

**উদ্দীপকটি পড়ো এবং ১১৮ ও ১১৯ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব রহিম সৌদি আরব থেকে যন্ত্রপাতি আমদানি করেন। যন্ত্রপাতি আমদানি করার জন্য রপ্তানিকারক ব্যাংকের নিশ্চয়তা চাইলেন। এজন্য তিনি রূপালী ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়েছেন।

১১৮. কীসের মাধ্যমে ব্যাংক জনাব করিমের পক্ষে রপ্তানিকারককে মূল্য প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে? (প্রয়োগ)

ক ব্যাংক ড্রাফট   খ পে-অর্ডার

গ প্রত্যয়পত্র   ঘ ওভারড্রাফট   গ

১১৯. রূপালী ব্যাংক কর্তৃক প্রত্যয়পত্র ইস্যুতে উপকৃত হয় — (উচ্চতর দক্ষতা)

i. রপ্তানিকারক   ii. আমদানিকারক

iii. সরকার

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii   ক

teachingbd.com